দৈনিক বাংলা

21 NOV 1987
তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... 5 ... কলাম 1 ... ...

048

# এইচএসসির স্থগিত ফল

আমাদের সংবাদদাতা জানিয়েছেন রাজশাহী বোর্ডের আওতায় গৃহীত ১৯৮৭ সালের এইচএসসি পরীক্ষায় যে ৬ হাজার ছাত্রের ফলাফল ঘোষণা স্থগিত রাখা হয়েছিল তা আজ এক মাস পরও স্থগিতই রয়ে গেছে। ওই ব্যাপারে কর্তৃপক্ষ এখন পর্যন্ত কোন সিদ্ধান্ত নিতে পারেননি। অর্থাৎ ৬ হাজার পরীক্ষার্থী এখন উদ্বেগে উৎকণ্ঠায় এক অনিশ্চিত জীবন-যাপন করছেন।

রিপোর্টে জানা যায়, পরীক্ষা কেন্দ্রের দোষেই ফল ঘোষণা স্থগিত আছে। পরীক্ষা কেন্দ্রের দোষ মানে কোন ভূতপেত্নীতে পাওয়া ব্যাপার নয়, গোলমাল বেঁধেছে কেন্দ্রের অনুমোদন নিয়ে। আমাদের দেশে এখন বিশেষ ধরনের পরীক্ষা কেন্দ্রের উদ্ভব ঘটেছে। যেখান থেকে পরীক্ষা দিলে পাস সুনিশ্চিত। না করতে হয় পড়াশোনা, না ভরতে হয় খাতার পাতা— বিশেষ ব্যবস্থায় ওইসব কেন্দ্র থেকে পাসের ব্যবস্থা করে দেয়া হয়। বলাই বাহুল্য বিশেষ ধরনের যোগাযোগ ও যোগসাজস ছাড়া পাসের গ্যারান্টিযুক্ত পরীক্ষা কেন্দ্র স্থাপন করা সম্ভব নয়। কিন্তু মুশকিল হচ্ছে সেই গ্যারান্টিতেও মাঝে মাঝে গোলমাল বেঁধে যায়। আমাদের রিপোর্টে বলা হয়েছে যে রাজশাহী বোর্ডের যে কর্মকর্তারা আশীর্বাদধন্য হয়ে দুষ্ট পরীক্ষা কেন্দ্রগুলি গজিয়ে উঠেছিল তিনি এখন অবসর জীবন-যাপন করছেন। এদিকে আবার বোর্ডের সদ্য নিযুক্ত চেয়ারম্যান এখনও কাজে যোগ দেননি। ফলে পরীক্ষা কেন্দ্রের অনিয়ম সম্পর্কে কোন সিদ্ধান্ত নেয়া যাচ্ছে না। ভোগান্তি হচ্ছে ৬ হাজার ছাত্রছাত্রীর।

যারা এ ধরনের বাছাই করা কেন্দ্র থেকে পরীক্ষা দেয় তারা একেবারে ধোয়া তুলসিপাতা তা বলি না, অনেক কিছু জেনে-শুনেই কিছু সংখ্যক ছাত্রছাত্রী অভিভাবকের গাঁটের কড়ি খসিয়ে সহজে সার্টিফিকেট পাওয়ার লোভে অনিয়ম কলঙ্কিত পরীক্ষা কেন্দ্রের দিকে ছোটে। আবার ওইসব কেন্দ্রের সব পরীক্ষার্থীই যে অনিয়ম করে সেকথাও জোর দিয়ে বলা যাবে না। কিন্তু হরে দরে সবার পরীক্ষার ফলই কেন্দ্রের দোষে স্থগিত হয়ে যায়।

আমরা মনে করি এ বিষয়ে ভাল রকম তদন্ত হওয়া উচিৎ। গত বছর কর্তৃপক্ষ বেশ কয়েকটি পরীক্ষা কেন্দ্র বাতিল করে দিয়েছেন অনিয়মের দায়ে। কিন্তু কার দাবে অনিয়ম সংঘটিত হয়েছে, সে বিষয়টি বোধহয় ভালভাবে খতিয়ে দেখা হয়নি।

আমরা আশা করব আগামী এসএসসি ও এইচএসসি পরীক্ষার আগে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের হালহকিকত সম্পর্কে কর্তৃপক্ষ ভালভাবে অবহিত হবেন এবং নকলসহ সব অনিয়ম দূর করার পদক্ষেপ নেবেন। ছাত্রছাত্রীদের পরীক্ষার ফলতো সহজেই স্থগিত কিংবা বাতিল ঘোষণা করা যায়, কিন্তু যাদের পাপে এই অনাচার তাদের কি শাস্তি?